

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২৪০ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৩৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৭: মুসলিমদের মান-মর্যাদার প্রতি শ্রদ্ধা-প্রদর্শন ও তাদের অধিকার-রক্ষা এবং তাদের প্রতি দয়া-দাক্ষিণ্যের গুরুত্ব

আরবী

وعنه قال: قال رسول الله صللي االله عَلَيْهِ وسلّم: » لا تَحاسدُوا ولا تناجشُوا ولا تَباغَضُوا ولاتَدابرُوا ولا يبع بعْضُم عَلَى بيْعِ بعْضٍ ، وأُونُوا عِبادَ اللّه إِخْواناً. المُسْلِمُ أَخُو الْمُسْلِم لا يَظلِمُه ولا يَحْقِرُهُولا يَخْذُلُهُ . التَّقْوَى هَاهُنا ويُشِيرُ إِلَى صَدْرِهِ ثَلاَثَ مَرَّاتٍ بِحسْبِ امْرِيءٍ مِنَ الشَّرِّ أَنْ يَحْقِر أَخاهُ المسلم . أُلَّالْمُسْلِم عَلَى الْمُسْلِمِ حرامٌ دمُهُ ومالُهُ وعِرْضُهُ « رواه مسلم . «النَّجَش « أَنْ يزيدَ فِي ثَمنِ سلْعةٍ يُنَادِي عَلَيْهَا فِي السُّوقِ ونحْوهِ ، ولا رَغْبة لَه فِي شِرائهَا بَلْ يقْصِد أَنْيَغُرَّ غَيْرهُ ، وهَذا حرامٌ . » والتَّدابُرُ « : أَنْ يُعرِض عنِ الإِنْسانِ ويهْجُرهُ ويجعلَهُ آالشَّيءِ الذي وراءَ الظهْروالدُّبُرِ .

বাংলা

১৪/২৪০। আবৃ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকেই বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''তোমরা একে অপরের প্রতি হিংসা করো না, কেনা-বেচাতে জিনিসের মূল্য বাড়িয়ে একে অপরকে ধোঁকা দিয়ো না, একে অপরের প্রতি শক্রতা রেখো না, এক অপর থেকে (ঘৃণাভরে) মুখ ফিরায়ো না এবং একে অপরের (জিনিস) কেনা-বেচার প্রস্তাবের উপর কেনা-বেচা করো না। আর হে আল্লাহর বান্দারা! তোমরা ভাই-ভাই হয়ে যাও। মুসলিম মুসলিমের ভাই। সে তার প্রতি যুলুম করবে না, তাকে তুচ্ছ ভাববে না এবং তাকে অসহায় অবস্থায় ছেড়ে দেবে না। তাকওয়া তথা আল্লাহ-সচেতনতা এখানে (অন্তরে) রয়েছে। (তিনি নিজ বুকের দিকে ইঙ্গিত করে এ কথা তিনবার বললেন।) কোন মুসলিম ভাইকে তুচ্ছ ভাবা একটি মানুষের মন্দ হওয়ার জন্য যথেষ্ট। প্রত্যেক মুসলিমের রক্ত, মাল এবং তার মর্যাদা অপর মুসলিমের উপর হারাম।'' (মুসলিম) [1]

English

(27) Chapter: Reverence towards the Sanctity of the Muslims



Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Messenger of Allah () said, "Do not envy one another; do not inflate prices by overbidding against one another; do not hate one another; do not harbor malice against one another; and do not enter into commercial transaction when others have entered into that (transaction); but be you, O slaves of Allah, as brothers. A Muslim is the brother of another Muslim; he neither oppresses him nor does he look down upon him, nor does he humiliate him. Piety is here, (and he pointed to his chest three times). It is enough evil for a Muslim to hold his brother Muslim in contempt. All things of a Muslim are inviolable for his brother-in-faith: his blood, his property and his honor".

[Muslim].

Commentary: This Hadith elaborates the importance of mutual brotherhood and goodwill among the Muslims. They are warned against jealousy which is a very malicious moral disease. One who suffers from it does not like to see others in happy circumstances and wants that they are deprived of whatever good they have. This Hadith also prohibits Muslims from mutual hatred, enmity and indifference to others because all such things go against the concept of Islamic fraternity. The Hadith also warns Muslims against Najash (false bidding to raise the price in an auction) as it is clear deception and fraud is opposed to goodwill for others, while Muslims are required to express for each other goodwill, not ill-will. This Hadith also prohibits making one bargain over the others because it generate malice and enmity.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫১৪৪, ৬০৬৬, মুসলিম ২৫৬৪, ২৫৬৩, তিরমিয়ী ১১৩৪, ১৯৮৮, নাসায়ী ৩২৩৯, ৪৪৯৬, ৪৫০৬, ৪৫০৭, আবূ দাউদ ৩৪৩৮, ৩৪৪৩, ৪৯১৭, ইবনু মাজাহ ১৮৬৭, ২১৭২, ২১৭৪ আহমাদ ৭৬৭০, ৭৮১৫, ৮০৩৯, ২৭৩৩৪, ৮২৯৯, ২৭৪৮৮,মুওয়াত্তা মালেক ১৩৯১, ১৬৮৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন